

ষষ্ঠ শ্রেণি (বাংলা)

ওয়ার্কশিট (১)

পূর্ণমান – ২০

১) সঠিক উত্তরটি নির্বাচন কর -

১x৮ = ৮

১.১) হাঁস যে ডাক শুনে ঘরে ফিরে আসে, তা হলো –

ক) তি তি র খ) সোই সোই গ) অ- র্- র্ ঘ) হ্যাট হ্যাট

১.২) কুকুরের ঝগড়া আর রাগের শব্দে –

ক) ঘেউ আছে খ) কেঁউ আছে গ) গর্- র আছে ঘ) ওয়াও আছে।

১.৩) রিউবেন ক্যাস্টাং সাহেব হিংস্র বন্যজন্তুদের সঙ্গে কাটিয়েছেন প্রায় –

ক) তিরিশ বছর খ) পঞ্চাশ বছর গ) চল্লিশ বছর ঘ) কুড়ি বছর

১.৪) মানুষের জাতভাই বলে পরিচিত –

ক) ভাল্লুক খ) বাঘ গ) শিম্পাঞ্জি ঘ) হাতি

১.৫) কবির ঘরের দরজা –

ক) সবুজে সবুজ খ) লালে লাল গ) হলুদে হলুদ ঘ) নীলে নীল

১.৬) কবি ঘাসফড়িং এর দেখা পান –

ক) শীতকালে খ) গ্রীষ্মকালে গ) শরৎকালে ঘ) বর্ষাকালে

১.৭) কবিকে খেলা দেখিয়েছিল –

ক) প্রজাপতি খ) মৌমাছি গ) পাখি ঘ) ঘাস ফড়িং

১.৮) কবি ঘাস ফড়িংকে ফিরে যাওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন –

ক) ঝিরঝিরে বৃষ্টির দিনে খ) ঝকঝকে রোদের দিনে গ) মেঘলা দিনে ঘ) কুয়াশা ভরা দিনে

২) কমবেশি ২০ শব্দে উত্তর দাও -

১x৫ = ৫

২.১) পশুপাখিরা অবিশ্যি মানুষের অনেক কথারই অর্থ বোঝে – কীভাবে পশুপাখিরা মানুষের কথার অর্থ বোঝে?

২.২) কী কারণে বন্যজন্তুরা স্বভাবত নীরব ?

২.৩) খাদ্য গ্রহণ করার সময় আমিষাশী প্রাণীদের ব্যবহার কিরূপ হয় ?

২.৪) ঘাস ফড়িং কবিকে খুশি করার জন্য কি করেছিল ?

২.৫) কবি ঘাস ফড়িংকে কেন কথা দিয়ে এসেছিলেন ফিরে যাওয়ার ?

৩) কমবেশি ১৫০ শব্দে উত্তর দাও

১x৭= ৭

৩.১) রিউবেন ক্যাস্টাং সাহেব দীর্ঘকাল বন্যজন্তুদের সঙ্গে থেকে যে অভিজ্ঞতা অর্জন করেছিলেন পাঠ্য রচনা অবলম্বনে লেখো ।